

যান্ত্রিক গোলযোগ - এক দিনে এয়ার ইন্ডিয়ার ৭টি ফ্লাইট বাতিল

- A Monitor Desk Report

Date: 18 June, 2025



ঢাকাঃ বিমান দুর্ঘটনার রেশ কাটতে না কাটতেই একের পর এক যান্ত্রিক ত্রুটিতে বিপাকে পড়েছে এয়ার ইন্ডিয়া। ১২ জুন অহমদাবাদে উড়োজাহাজ দুর্ঘটনার পর থেকে মঙ্গলবার (১৭ জুন) পর্যন্ত মোট ১১টি ফ্লাইট বাতিল করেছে সংস্থাটি। এর মধ্যে শুধু মঙ্গলবারই বাতিল হয়েছে ৭টি ফ্লাইট, যার ৬টিই বোয়িং ৭৮৭-৮ ডিমলাইনার।

১২ জুন বৃহস্পতিবার আহমেদাবাদের মেঘানিনগরে উড্ডয়নের মাত্র পাঁচ মিনিটের মাথায় ভেঙে পড়ে এয়ার ইন্ডিয়ার একটি উড়োজাহাজ। এতে ২৭০ জন প্রাণ হারান। দুর্ঘটনার কারণ অনুসন্ধান কাজ করছে ভারতের ডিজিসিএ। দুর্ঘটনাস্থল থেকে পাওয়া ব্ল্যাকবক্স বিশ্লেষণ করে খতিয়ে দেখা হচ্ছে কারিগরি দিক।

এরপর থেকেই একাধিক ফ্লাইটে ধরা পড়ছে যান্ত্রিক ত্রুটি, কখনও আবার হুমকি বা সন্দেহজনক পরিস্থিতির জেরে বাতিল হচ্ছে ফ্লাইট।

বাতিল হওয়া ফ্লাইট:

হংকং-দিল্লি (এআই৩১৫) : উড্ডয়নের পর ২২ হাজার ফুট উচ্চতায় পৌঁছেই যান্ত্রিক গোলযোগে আবার হংকংয়ে অবতরণ করে বিমানটি।

মুম্বাই-আহমেদাবাদ (এআই২৪৯৩) : ফ্লাইট ক্রুদের ডিউটি সংক্রান্ত সীমাবদ্ধতার কারণে বাতিল।

দিল্লি-রাঁচি (৭৩৭ম্যাঞ্জা) : উড্ডয়নের পর ফিরে আসে দিল্লিতে, পরে পুনরায় যাত্রা করে।

দিল্লি-দুবাই (এআই৯১৫) : যান্ত্রিক ত্রুটির কারণে বাতিল।

দিল্লি-ভিয়েনা (এআই১৫৩) : প্রযুক্তিগত সমস্যায় বাতিল।

দিল্লি-প্যারিস (এআই১৪৩) : প্রি-ডিপার্চার ইন্সপেকশনে ত্রুটি ধরা পড়ায় বাতিল।

বেঙ্গালুরু-লন্ডন (এআই১৩৩) : যান্ত্রিক গোলযোগে বাতিল।

ফুকেত-নয়াদিল্লি (এআই৩৭৯): বিমানের শৌচালয়ে হমকির বার্তা পেয়ে ফিরে আসে ফুকেতে।

অহমদাবাদ-লন্ডন (এআই১৫৯): দুর্ঘটনার পর প্রথম যাত্রার দিনেই বাতিল।

লন্ডন-অমৃতসর (এআই১৭০): যান্ত্রিক ত্রুটিতে বাতিল।

সান ফ্রান্সিসকো-মুম্বই (এআই১৭৯) : কলকাতা হয়ে যাত্রার কথা থাকলেও কলকাতা থেকে উড্ডয়নের আগে বাঁ দিকের ইঞ্জিনে সমস্যা দেখা দেয়। যাত্রীদের সকাল ৫টা ২০ মিনিটে উড়োজাহাজ থেকে নামিয়ে দেওয়া হয়।

-B